

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজা খবর হোসেন মালিক দিয়ে

বাকুবিতে শিক্ষার্থীকে পেটালো ছাত্রলীগ কর্মী হল ভাঙচুর

 ০৯ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

বাকুবি (ময়মনসিংহ) সংবাদদাতা

সোমবার রাতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ছাত্রলীগের অনুষ্ঠানে না যাওয়ায় প্রথম বর্ষের শিক্ষার্থীকে পিটিয়েছে ছাত্রলীগের এক সিনিয়র কর্মী। এতে প্রথম ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা ক্ষিপ্ত হয়ে রেজাউর রহমান লিমন নামে ওই ছাত্রলীগ কর্মীকে লাষ্টিং করলে সে হল থেকে পালিয়ে যায়। পরে ওই কর্মীর কক্ষ ও হল ভাঙচুর করে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের আবাসিক আশরাফুল হক হলে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও হলসূত্রে জানা গেছে, প্রধানমন্ত্রীর উচ্চর অফ লেটারস ডিগ্রিতে ভূষিত হওয়ায় ছাত্রলীগের আনন্দ মিছিলে প্রথম বর্ষের কোনো শিক্ষার্থী না যাওয়ায় তাদের নিয়ে হলের কক্ষ নং ১১২-তে বসে লিমন। এক পর্যায়ে হল ক্যান্টিন থেকে ডিম চুরির অভিযোগে এক শিক্ষার্থীকে পেটায়। ওই রাতেই অন্য এক শিক্ষার্থীর অভিভাবককে ফোন দিয়ে চুরিসহ বিভিন্ন উল্টাপাল্টা কথা বলা হয়। এতে শিক্ষার্থীরা ক্ষিপ্ত হয়ে লিমনের ওপর চড়াও হয়। এ সময় তারা লিমনের রুম, হলে ফুলের টব ও জানালার কাচ ভাঙচুর করে। পরে ছাত্রলীগের সভাপতি সবুজ কাজী হলে এসে পরিস্থিতি শান্ত করেন। ছাত্রলীগ কর্মী রেজাউর রহমান লিমন বলেন, ছাত্রলীগের অনুষ্ঠানে না যাওয়া বা অভিভাবককে ফোন দেওয়ার বিষয়ে কিছু জানি না আমি। হলের ক্যান্টিন থেকে ডিম চুরি স্বীকার না করায় একজনকে শুধু চড় দেই।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক প্রচ্প অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিণ্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত